ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি।
২) কাজের প্রাক্কলন।

বিষয়ঃ "ঢাকা ওয়াসা এর কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে পানির লাইনের মালামাল (FEMALE ADAPTER) মডস জোন-১ এর উপভান্ডার এ আনয়নের জন্য পরিবহন ব্যয় ও মালামাল গুলি গুছিয়ে রাখার জন্য লেবার সরবরাহ করণ"- শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকা যেমন- মতিঝিল, সুত্রাপুর, , সায়েদাবাদ, বাসাবো, কমলাপুর, গেন্ডারিয়া, ওয়ারী, স্বামীবাগ, গোলাপবাগ, কলতাবাজার, অক্ষয়দাস রোড, আর এম দাস রোড ইত্যাদি বিভিন্ন এলাকায় পানির সরবাহ লাইন রয়েছে। প্রায়শঃ পানির লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ এর পাশাপাশি পাইপ, ফিটিংস ও অন্যান্য মালামালের প্রয়োজন হয়। পানির লাইন সংক্রান্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ কেন্দ্রিয় ভান্ডার হতে উত্তোলন করে বিভাগীয় ভান্ডারে মজুদ রাখা হয়। দীর্ঘ দিন যাবৎ মজুদকৃত মালামাল সমূহ অগোছালো এবং যত্রতত্র স্থানে রাখা আছে। উক্ত মালামাল গণনা করে সাজানো গোছানো দরকার। ব্যবহার উপযোগী / অনুপযোগী মালামাল লেবার দিয়ে, আলাদা করা প্রয়োজন। এটি একটি চলমান প্রক্রিয়া। সেই লক্ষে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং-২)। যাহার প্রাক্কলিত টাকার পরিমান দাড়িয়েছে টাঃ ২৪,০০০/ (চব্বিশ হাজার) মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৫-২০২৬ইং অর্থ বছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনার Package No:WR-04(B)-33, জরুরি পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনালোকে "ঢাকা ওয়াসা এর কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে পানির লাইনের মালামাল (FEMALE ADAPTER) মডস জোন-১ এর উপভান্ডার এ আনয়নের জন্য পরিবহন ব্যয় ও মালামাল গুলি গুছিয়ে রাখার জন্য লেবার সরবরাহ করণ" - শীর্ষক কাজটি পি পি আর-২০২৫ এর বিধি ১০০/১ অনুসরনে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের সম্পাদনের লক্ষ্যে- উপস্থাপিত টাঃ ২৪,০০০/ (চব্বিশ হাজার) মাত্র -এর প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

AE   EE   SE (MODS C-1)   CE

13/5/26
মোঃ সাকিব রায়হান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

13/5/26
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

13/05/26
মোঃ [illegible]
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

26/05/26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

প্রস্তাব অনুমোদিত।

13/05/26
শাওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।